দৈনিক ইত্তেফাক

তারিখ ...29।৮।৯২...
পৃষ্ঠা...৩......কলাম...২...

# এইচএসসি পরীক্ষার ২য় দিনে ২৩ শত পরীক্ষার্থী বহিষ্কার

( ইত্তেফাক রিপোর্ট )

গত রবিবার ঢাকা, রাজশাহী ও যশোর বোর্ডের এইচএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে ইংরেজী প্রথম ও দ্বিতীয় পত্রে অসদুপায় অবলম্বনের অভিযোগে প্রায় ২৩ শত ছাত্র-ছাত্রী বহিষ্কার হয়। ৩টি বোর্ড অফিস সূত্রে জানা যায়, কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ঘটে নাই। নকল সরবরাহের অভিযোগে বগুড়া গাবতলী কলেজ কেন্দ্রের ১জন শিক্ষককে বহিষ্কার করা হইয়াছে। প্রথম দিনের মত রবিবারও রাজশাহী বোর্ডে সব চাইতে বেশী পরীক্ষার্থী বহিষ্কার হয়। এই বোর্ডে বহিষ্কারের সংখ্যা ১,হাজার ২২৯। ঢাকা বোর্ডে ৫৯৯ এবং যশোর বোর্ডে ৩৪০ জন বহিষ্কৃত হইয়াছে।

110